রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৯, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৫ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৮ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৫ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৮ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং-৪২/২০২৬

## Code of Civil Procedure, 1908 এর অধিকতর সংশোধনকল্পে আনীত

## বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Code of Civil Procedure, 1908 (Act No. V of 1908) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Code of Civil Procedure (Amendment) Act, 2026 নামে অভিহিত হইবে।

(২) ইহা ৮ মে, ২০২৫ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **Act No. V of 1908 এর section 26 এর সংশোধন।**—Code of Civil Procedure, 1908 (Act No. V of 1908), অতঃপর উক্ত Code বলিয়া উল্লিখিত, এর section 26 এর বিদ্যমান বিধান sub-section (1) হিসাবে সংখ্যায়িত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন sub-section (2) সংযোজিত হইবে, যথা:—

"(2) In every plaint, facts shall be proved by affidavit." ।



মূল্য : টাকা ৮.০০

৩। **Act No. V of 1908 এর section 35A এর সংশোধন।**—উক্ত Code এর section 35A এর sub-section (1) এ উল্লিখিত "twenty" শব্দটির পরিবর্তে "fifty" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। **Act No. V of 1908 এর section 51 এর সংশোধন।**—উক্ত Code এর section 51 এর clause (e) এ বর্ণিত "manner" শব্দটির পর "as may be provided hereinafter in the Code or" শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে।

৫। **Act No. V of 1908 এর section 56 এর সংশোধন।**—উক্ত Code এর section 56 এ উল্লিখিত "a woman" শব্দগুলির পরিবর্তে "an old, infirm, pregnant or breast-feeding woman" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **Act No. V of 1908 এর section 57 এর বিলুপ্তি।**—উক্ত Code এর section 57 বিলুপ্ত হইবে।

৭। **Act No. V of 1908 এর section 58 এর সংশোধন।**—উক্ত Code এর section 58 এর sub-section (1) এর প্রথমোক্ত proviso এর—

(ক) clause (iii) এ উল্লিখিত ", or" কমা ও শব্দের পরিবর্তে (:) কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) clause (iv) বিলুপ্ত হইবে।

৮। **Act No. V of 1908 এ নূতন section 94A এর সন্নিবেশ।**—উক্ত Code এর section 94 এর পর নিম্নরূপ নূতন section 94A সন্নিবেশিত হইবে, যথা:—

"94A. **Direction in execution of orders, etc.**—For the purpose of execution of any decree or order, the Court may direct the executive authorities, including law enforcement agencies, to assist any person designated by it and to submit compliance report within the time specified by it."।

৯। **Act No. V of 1908 এর Order V এর সংশোধন।**—উক্ত Code এর Order V এর rule 9 এর sub-rule (3) এ উল্লিখিত "transmission of documents through" শব্দগুলির পরিবর্তে "Short Message Service, Voice Calls, Instant Messaging Services," শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে এবং উল্লিখিত sub-rule (3) এর প্রান্তস্থিত (.) ফুলস্টপ চিহ্নের পরিবর্তে (:) কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ proviso সন্নিবেশিত হইবে, যথা:—

"Provided that the proof of such service shall be kept in record."।

১০। **Act No. V of 1908 এর Order VII এর সংশোধন।**—উক্ত Code এর Order VII এর rule 1এর clause (b) ও (c) এর পরিবর্তে নিম্নরূপ clause (b) ও (c) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(b) the name, description and place of residence (including phone or mobile number, national identification number (NID) and email address, if any, of the plaintiff,

(c) the name, description and place of residence (including phone or mobile number, national identification number (NID) and email address, if any, of the defendant so far as they can be ascertained;" ।

১১। **Act No. V of 1908 এর Order IX এর সংশোধন।**—উক্ত Code এর Order IX এর rule 13 এর sub-rule (1) এর প্রান্তস্থিত (.) ফুলস্টপ চিহ্নের পরিবর্তে (:) কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ proviso সন্নিবেশিত হইবে, যথা:—

"Provided further that no decree shall be set aside more than once under this rule at the instance of the same defendant." ।

১২। **Act No. V of 1908 এর Order XVII এর সংশোধন।**—উক্ত Code এর Order XVII এর rule 1 এর sub-rule (3) এ উল্লিখিত "six" শব্দটির পরিবর্তে "four" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

১৩। **Act No. V of 1908 এর Order XVIII এর সংশোধন।**—উক্ত Code এর Order XVIII এর—

(ক) rule 4 এর পর নিম্নরূপ নূতন rule 4A সন্নিবেশিত হইবে, যথা:—

"4A. **Examination-in-chief on affidavit and admissibility of documents.**—Notwithstanding anything contained in this Code or the Evidence Act, 1872 (Act No. 1 of 1872), the facts stated in the plaint or written statement shall not be required to be orally stated or denied by the plaintiff or the defendant, as the case may be, and in every case, the examination-in-chief of the plaintiff or the defendant, as the case may be, shall be on affidavit and he may then be cross-examined and, if necessary, re-examined:

Provided that a copy of such affidavit shall be supplied to the other party before being furnished to the Court:

Provided further that where documents are filed along with the affidavit and the parties rely upon such documents, the proof and admissibility of those documents shall be subject to the orders of the Court.";

(খ) rule 20 এ উল্লিখিত "five" শব্দটির পরিবর্তে "ten" শব্দটি, "two" শব্দটির পরিবর্তে "four" শব্দটি, "one hundred" শব্দগুলির পরিবর্তে "two hundred" শব্দগুলি এবং "seventy" শব্দটির পরিবর্তে "one hundred forty" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১৪। **Act No. V of 1908 এর Order XXI এর সংশোধন।**―উক্ত Code এর Order XXI এর―

(ক) rule 30 এর পর নিম্নরূপ নূতন rule 30A সন্নিবেশিত হইবে, যথা:―

"**30A. Special provisions for execution of decree for payment of money.-** (1) Notwithstanding anything contained in this Code, the Court may, on the application of the decree-holder, detain the judgment-debtor in the civil prison for the whole or any part of the decretal amount remaining unpaid, for a term not exceeding six months or until payment is made, whichever is earlier.

(2) The expense incurred for subsistence of the judgment-debtor detained in a civil prison under this Code shall be borne by the Government.

(3) The provision of detention in the civil prison shall not apply to a judgment-debtor who is a minor of unsound mind or who has been declared as insolvent by a competent Court or who has been substituted as successor to the original judgment-debtor by inheritance.

(4) If the judgment-debtor in the civil prison deposits not less than 25% of the decretal amount together with a bond for payment of the remaining amount within 60 days, the Court shall release him and if the judgment-debtor fails to pay the remaining decretal amount as per the conditions stated in the bond, he shall be liable to be re-arrested and detained further in the civil prison which may extend to six months.

(5) If a judgment-debtor is detained for the entire term in the civil prison under sub-rule (1) or (4), he shall not be re-arrested or detained further in the civil prison in the same execution proceeding or in any other execution proceeding arising from the same decree.

(6) If a judgment-debtor is detained in the civil prison under this rule for the whole or any part of the term of civil detention, he shall not be exempted from paying the unpaid amount of the decree."।

(খ) rule 39 বিলুপ্ত হইবে;

(গ) rule 103 এর পর নিম্নরূপ নূতন rule 104 সংযোজিত হইবে, যথা:—

"**104. Direct execution of decree.-** (1) Notwithstanding anything contained in this Code or any other law for the time being in force, the Court may, subject to the law of limitation, receive an application for the execution of a decree in the record of the suit in which the decree has been passed, or, where the record has been called for by an Appellate or Revisional Court, in a part-file prepared for this purpose and the Court may forthwith order the execution of the decree.

(2) Where the decree-holder or the purchaser of the property sold in execution of a decree is resisted or obstructed by the judgment-debtor or any person claiming under him or any other person, as the case may be, in obtaining possession of the property and the Court is satisfied in that regard, it may, on the application of the decree-holder or the purchaser, direct any person as the Court may appoint in this behalf and, if necessary, the law enforcement agency to place the decree-holder or the purchaser in possession of the property." ।

**১৫। Act No. V of 1908 এর Order XLI এর সংশোধন।**—উক্ত Code এর Order XLI এর—

(ক) rule 21 এর প্রান্তস্থিত (.) ফুলস্টপ চিহ্নের পরিবর্তে (:) কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন proviso সন্নিবেশিত হইবে, যথা:—

"Provided that no Appeal shall be re-heard more than once under this rule.";

(খ) rule 24 ও ইহার উপান্তটীকায় উল্লিখিত "may" শব্দটির পরিবর্তে "shall" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(গ) rule 30 এর বিদ্যমান বিধান sub-rule (1) হিসাবে সংখ্যায়িত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন sub-rule (2) সংযোজিত হইবে, যথা:—

"(2) Notwithstanding anything contained in sub-rule (1), if neither party nor his pleader appears when the appeal is called on for hearing, the Appellate Court may, for reasons to be recorded in writing, if considers the materials on record are sufficient to dispose of the appeal on merits, pronounce judgment in open Court immediately or on a date to be fixed by it." ।

**১৬। রহিতকরণ ও হেফাজত।**—(১) Code of Civil Procedure (Amendment) Ordinance, 2025 (২০২৫ সনের ১৮ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত অধ্যাদেশের অধীন কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা বা সূচিত কোনো কার্যধারা এই আইনের অধীন কৃত, গৃহীত বা সূচিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

দেওয়ানি বিচার ব্যবস্থায় দীর্ঘসূত্রতা, জটিল পদ্ধতিগত বিধান এবং ডিক্রি জারির ক্ষেত্রে পৃথক জারি মামলার বাধ্যবাধকতা দেশের বিচারপ্রার্থী জনগণের ন্যায়বিচার প্রাপ্তিতে দীর্ঘসূত্রতা সৃষ্টি করে। বিচার বিভাগ সংস্কার কমিশনের সুপারিশের আলোকে দেওয়ানি কার্যবিধি আইন-কে গতিশীল, প্রযুক্তিবান্ধব করে সময়োপযোগী করার লক্ষ্যে ইতিমধ্যে Code of Civil Procedure (Amendment) Ordinance, 2025 (২০২৫ সালের ১৮ নং অধ্যাদেশ) জারি করা হয়েছে।

অধ্যাদেশটিতে হলফনামার মাধ্যমে সাক্ষ্য প্রদানের বাধ্যবাধকতা; বাদী ও বিবাদীর পরিচয় ও যোগাযোগের তথ্যে জাতীয় পরিচয়পত্র নম্বর ও ইমেইল ঠিকানা অন্তর্ভুক্তি; SMS, ভয়েস কল ও ইন্সট্যান্ট মেসেজিং সার্ভিসের মাধ্যমে সমন জারির সুযোগ; একতরফা ডিক্রি রদের ক্ষেত্রে একই বিবাদীর একাধিকবার সুযোগ বন্ধ; মুলতবির সংখ্যা হ্রাস; ডিক্রি জারিতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা নেওয়ার বিধান; সরাসরি ডিক্রি জারির বিধান যুক্ত করা হয়েছে।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, দেওয়ানি বিচার ব্যবস্থার পদ্ধতিকে সহজীকরণ, মামলার দীর্ঘসূত্রতা হ্রাস, ডিক্রি জারির কার্যকারিতা নিশ্চিত করার লক্ষ্যে Code of Civil Procedure (Amendment) Ordinance, 2025 (২০২৫ সালের ১৮ নং অধ্যাদেশ) কে স্থায়ী আইনে রূপান্তর করতে এবং অধ্যাদেশের অধীনে সম্পাদিত কার্যাবলির আইনি ধারাবাহিকতা নিশ্চিত করতে এই বিল আনয়ন করা হয়েছে বিধায় Code of Civil Procedure (Amendment) Act, 2026 প্রণয়ন করা আবশ্যক।

**মোঃ আসাদুজ্জামান**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd